

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৯৫২

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৭. দ্বিতীয় অনুচ্ছেদ - তাশাহুদের মধ্যে দু'আ

আরবী

وَعَنْ عَبْدِ اللَّهِ بْنِ مَسْعُودٍ قَالَ: كَانَ أَكْثَرُ انْصِرَافِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مِنْ صَلَاتِهِ إِلَى شُقِهِ الْأَيْسَرِ إِلَى حُجْرَتِهِ. رَوَاهُ فِي شرح السّنة

বাংলা

৯৫২-[১৪] 'আবদুল্লাহ ইবনু মাস্'ঊদ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সালাত (সালাত/নামায/নামাজ) আদায়ের পর অধিকাংশ সময় তাঁর বামদিকে নিজের হুজরার দিকে মোড় ঘুরতেন। (শারহুস সুন্নাহ্)[1]

ফুটনোট

[1] আহমাদ ৪৩৮৩, শারহুস সুন্নাহ্। শায়খ আলবানী (রহঃ) বলেনঃ আমি এর সানাদটি পায়নি। তবে ইবনু মাস্'উদ (রাঃ) হতে এরূপ হাদীস বুখারী মুসলিমে বর্ণিত হয়েছে।

ব্যাখ্যা

ব্যাখ্যা: ইমাম ত্বীবী বলেন, রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ঘরের দরজা খোলা থাকতো মেহরাবের বামদিকে। তিনি বামদিকে প্রত্যাবর্তন করতেন এবং ঘরে ঢুকতেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন